দৈনিক জনকণ্ঠ

তারিখ 30 SEP 1994

পৃষ্ঠা ৫ কলাম ২

40

# ফেনীতে ৫টি সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ২৫টি শিক্ষকের পদ শূন্য ॥ লেখাপড়া বিঘ্নিত

ফেনী, ২৯ সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- ফেনী শহরের ৫টি সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ২৫ জন শিক্ষকের পদ শূন্য। ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।

ফেনী শহর এলাকায় সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে ৫টি সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে দীর্ঘদিন থেকে ২৫ জন শিক্ষকের পদ শূন্য পড়ে রয়েছে। জানা গেছে, শিক্ষা পরিদফতর ও মন্ত্রণালয়ের কতিপয় কর্মকর্তার যোগসাজশে দুর্নীতি ও অনিয়মের মাধ্যমে এ সকল শিক্ষক তাদের পছন্দমতো জায়গায় ডেপুটেশন নিয়ে কাজ করছে। এবং নিজে অথবা সহকর্মীর মাধ্যমে পূর্বের শিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকে বেতন গ্রহণ করছেন। তাঁদের আমলাতান্ত্রিক প্রভাবের কারণে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কোন আইনানুগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারছে না।

ফেনী সরকারী বাণিজ্যিক মহাবিদ্যালয়ের অধ্যক্ষকে ঢাকাস্থ শিক্ষামন্ত্রণালয়ে বদলি করা হয়েছে গত জুন মাসে। তিনি তাঁর দায়িত্বভার বুঝিয়ে না দিয়ে নতুন কর্মস্থলে যোগদান করেছেন। এদিকে কলেজের সংস্কারের জন্য সরকার বরাদ্দ দিয়েছেন ১ কোটি টাকা। কিন্তু অধ্যক্ষের অনুপস্থির কারণে বরাদ্দকৃত অর্থ অপচয় হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। দীর্ঘদিন থেকে বাণিজ্যিক কলেজে প্রভাষক ও সহকারী অধ্যাপকের তিনটি পদ শূন্য রয়েছে।

ফেনীর জিয়া সরকারী মহিলা কলেজে সম্প্রতি অনার্স কোর্স চালু করার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী। এ সংক্রান্ত কাজের আনুষ্ঠানিকতা প্রায় শেষ হয়ে গেছে। এই কলেজটিতে প্রভাষক ও সহকারী অধ্যাপকের সাতটি পদ শূন্য রয়েছে। ফলে সংশ্লিষ্ট বিভাগের ছাত্রীদের পাঠ্যক্রম ব্যাহত হচ্ছে।

ফেনী সরকারী বালিকা বিদ্যালয়ের ১ জন শিক্ষিকা নিজ সুবিধার্থে চট্টগ্রামের একটি স্কুলে ডেপুটেশনে কর্মরত আছেন। ঠিক তেমনিভাবে তদ্বির ও অনিয়মের মাধ্যমে ফেনী পাইলট হাই স্কুলের একজন শিক্ষিকা ঢাকার একটি স্কুলে ডেপুটেশনে গেছেন। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, তিনি ইতোমধ্যে ডেপুটেশনকে বদলিতে রূপান্তরের চেষ্টা চালাচ্ছেন। এসব ক্ষেত্রে প্রতিমাসে তাদের প্রতিনিধির মাধ্যমে স্ব স্ব স্কুল থেকে বেতন নিচ্ছেন। অভিযোগে প্রকাশ সংশ্লিষ্ট শিক্ষকদের স্বজন উর্ধতন কর্মকর্তা হওয়ার সুবাদে শিক্ষা প্রতিষ্ঠানগুলো কোন প্রয়োজনীয় পদক্ষেপ নিতে ব্যর্থ হচ্ছেন। ফেনী সরকারী পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষকের পদটি দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। ফেনী পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষকসহ অন্যান্য স্কুলগুলোর শূন্যপদ পূরণের জন্য শিক্ষা পরিদফতর কোন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেনি ফলে স্কুলগুলোর প্রশাসনিক কর্মকাণ্ড থেকে শুরু করে লেখাপড়া ও শৃঙ্খলার অবনতি ঘটছে দিনের'পর দিন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমসাময়িক কালে প্রতিষ্ঠিত ১৯২২ সালের ফেনী কলেজ ১৯৭৯ সালে সরকারীকরণ হলেও আজও অনার্স কোর্স চালু করা হয়নি। কলেজে বিভিন্ন বিভাগে ১১ জন শিক্ষকের পদ খালি রয়েছে দীর্ঘদিন থেকে শূন্য পদ পূরণে প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হচ্ছে না।